



টেলিক্রোপ



কফি হয়ে যাক

জোহরের মতো সঞ্চালক গরম কফির কাপ হাতে ঠান্ডা মাথায় উসকে দিতে পারেন দুজনকেই।

সিজন সিন্ধু, এপিসোড ওয়ানের দিকে তাকিয়ে আছেন দর্শকদের পাশাপাশি টিনসেল টাউনের বহু তারকাও।

'কী হয় কী হয়' চাপা টেনশন সর্বত্রই। ২১ অক্টোবর শুরু হচ্ছে 'কফি উইথ করণ'-এর ষষ্ঠ মরশুম। সেদিনই করণের আমন্ত্রণে ধুমায়িত কফি-র টেবিলে একসঙ্গে বসবেন দীপিকা আর আলিয়া। আপনি তৈরি তো?

চন্দন রায়

কফির প্রথম কাপটা পুরোপুরিভাবেই নারীশক্তি-র দখলে! কিন্তু কে বা কারা সেই নারীশক্তি? জানালেন স্বয়ং করণ জোহর, তাঁর টুইটার হ্যাণ্ডলে। অনেকদিন ধরেই জল্পনা চলছিল কে হবেন 'কফি উইথ করণ'-এর ষষ্ঠ মরশুমের প্রথম অতিথি। পাল্লা ভারী ছিল শাহরুখ-কন্যার দিকেই। সবাই ধরেই নিয়েছিলেন বন্ধু শাহরুখের কন্যা সুহানাকে দিয়েই এবার কফির আড্ডা শুরু করবেন করণ। কিন্তু শেষপর্যন্ত শিকে ছিঁড়ল অন্য দুই নারীর ভাগ্যে। তারা হলেন দীপিকা পাডুকোন এবং আলিয়া ভাট। না, এমনিতেই তাঁদের দু'জনের মধ্যে তথাকথিত কোনও রক্তের

সম্পর্ক নেই। কিন্তু অন্যভাবে দু'জনের মধ্যেই রয়েছে সংযোগ। দীপিকা হলেন অভিনেতা রণবীর কাপুরের প্রাক্তন বান্ধবী আর আলিয়া হলেন রণবীরের বর্তমান। সুতরাং বুঝতেই পারছেন করণের তীক্ষ্ণ প্রশ্নবাণে জমে যাবে কফির আড্ডা। হয়তো জন্ম নেবে নতুন কোনও বিতর্ক। অতীতে করণের কফির আড্ডায় অবশ্য দু'জনেই এসেছেন। তবে পৃথকভাবে, অন্য বন্ধুদের সঙ্গে। সোনম কাপুর, প্রিয়াঙ্কা চোপড়া, শাহরুখ খান ও ফারহা খানের সঙ্গে যখন দীপিকা পাডুকোন এসেছিলেন এই শোয়ে, তখনও রণবীর কাপুরকে নিয়েই হয়েছিল বিতর্ক। দীপিকা কফি কাপ হাতে ইঙ্গিতে জানিয়েছিলেন প্রাক্তন বয়ফ্রেন্ড রণবীর আসলে সম্পর্কের মাঝে তাঁকে ঝাঁকা

দিয়েছিলেন। অন্যদিকে আলিয়া ভাট করণের শো-তে এসেছিলেন বরণ ধাওয়ান, সিদ্ধার্থ মালহোত্রা, পরিণীতি চোপড়া এবং শাহরুখ খানের সঙ্গে। সবই ঠিক ছিল শুধু করণের সাধারণ জ্ঞান সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে গিয়ে ভুল করেছিলেন আলিয়া। সহজ প্রশ্নের ভুল উত্তরের জন্য ভীষণভাবেই হাসির খোরাক হতে হয়েছিল আলিয়াকে পরবর্তীকালে। তাঁকে নিয়ে সোশ্যাল মিডিয়ায় দীর্ঘদিন তৈরি হয়েছিল জোকস। অতএব দীপিকা ও আলিয়াকে একসঙ্গে দেখতে এবার উদ্গ্রীব দর্শকমহল। অনেকেই ভাবছেন রণবীর কাপুরকে নিয়ে দুজনের মধ্যে চলতে পারে বাক্যবাণ। আর কে না জানে করণ



সাতপাকে

'ইয়ে রিস্তা কেয়া ক্যাহলাতা হ্যায়'। সতিই কী বলছে বলুন তো? বলছে পারুল চৌহান বাঁধা পড়ছেন সাতপাকে। টিভিতে নয়, বাস্তবেই। ধারাবাহিকটির অন্যতম শিল্পী বিয়ে করছেন প্রিয়বন্ধু চিরাগ ঠাকুরকে। আজ নয়, ১২ ডিসেম্বর। বিয়েটা হবে উত্তরপ্রদেশে পারুলের নিজের শহরে। তারপর মুম্বইতে ইন্ডাস্ট্রির সকলের জন্য থাকবে গ্র্যান্ড রিসেপশন। আমাদের অগ্রিম শুভেচ্ছা।



বন্ধু?

টিআরপি-র দৈন্যদশা, এদিকে শুটিংয়ের বাজেট আকাশ ছুঁই ছুঁই, অতএব বাঁপ বন্ধ করাই শ্রেয় মনে করছেন নির্মাতারা। সোনি এনটারটেনমেন্ট টেলিভিশনের

মেগা ধারাবাহিক 'দিল হি তো হ্যায়' চলতি মাসেই বন্ধ হয়ে যেতে বসেছে। দ্য বালার্জি টেলিফিল্মসের এই শো-এ অভিনয় করছেন করণ কুন্দ্রা এবং যোগিতা বিহানি-র মতো তারকা শিল্পী।

